গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
রংপুর সদর, রংপুর।

স্মারক নং-

তারিখঃ ০৫/০১/২০২২

## সভার আমন্ত্রণপত্র

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর সদর উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভা আগামী ০১/০১/ ২০২১খ্রিঃ তারিখ ৩:০০ ঘটিকায় জনাব মোঃ মাকসুদার রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রংপুর সদর, রংপুর এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে স্বাস্থ্যবিধি অনুসরণ করে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

**আলোচ্য বিষয় ঃ**

১। বিগত সভার কার্যাবলী পঠণ ও অনুমোদন।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা।
৩। বিবিধ।

মোঃ এস, আর ফারুক)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সদর উপজেলা পরিষদ, রংপুর।

অনুলিপি সদয় অবগতির নিমিত্তে প্রেরিত হলোঃ

০১। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। অফিস কপি।

০৫.০১
2022

মোঃ এস, আর ফারুক)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সদর উপজেলা পরিষদ, রংপুর।

CamScanner

# মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মাসুদার রহমান মিলন , ভাইস চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর।
সভার তারিখ ঃ ০৯/০১/২০২২ খ্রি
সভার সময় ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
স্থান ঃ ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা নিম্নরূপ:

| ক্রম | নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | মোঃ মাসুদার রহমান মিলন, ভাইস চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সভাপতি | স্বা:/- |
| ০২. | চেয়ারম্যান, হরিদেবপুর ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৩. | চেয়ারম্যান,চন্দনপাট ইউনিয়ন পরিষদ, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৪. | প্রধান শিক্ষক, হরিদেবপুর উচ্চ বিদ্যালয়, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য | স্বা:/- |
| ০৫. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর উপজেলা পরিষদ, রংপুর। | সদস্য-সচিব | স্বা:/- |

সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করা হয়। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব উত্থাপিত না হওয়ায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, রংপুর সদর জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে, দাপ্তরিক কোন সমস্যা নেই। সমাপনী পরীক্ষার ফলাফল সন্তোষজনক। ফলাফল ভাল হওয়ায় সকলকে ধন্যবাদ জানান এবং ১লা জানুয়ারীতে সকল বিদ্যালয়ে সুষ্ঠুভাবে বই বিতরণ করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য এবং নিয়মিত অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রংপুর সদরকে অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, রংপুর সদর উপজেলা, রংপুর। |
| | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা, সদর উপজেলা পরিষদ, রংপুর জানান, তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে, দাপ্তরিক কোন সমস্যা নেই। বিদ্যালয়ে শিক্ষার মান ভাল। শিক্ষা ক্ষেত্রে উন্নয়ন চলছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য এবং নিয়মিত অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সদর উপজেলা পরিষদ, রংপুর অনুরোধ করা হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সদর উপজেলা পরিষদ, রংপুর। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে তাঁদের উপর অর্পিত সরকারি দায়িত্ব দক্ষতা,সততা ও নিষ্ঠার সাথে পালনের এবং সকল সদস্যকে আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অত:পর সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ মাসুদার রহমান মিলন)
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা সংক্রান্ত কমিটি
ও
ভাইস চেয়ারম্যান
সদর উপজেলা পরিষদ, রংপুর।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
রংপুর সদর, রংপুর।

স্মারক নং- তারিখঃ০৯/০১/২০২২ খ্রি

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে প্রেরিত হলোঃ
০১। চেয়ারম্যান, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর উপজেলা পরিষদ, রংপুর।
০২। অফিস কপি।

09.01.2022

(মোঃ এস, আর ফারুক)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সদর উপজেলা পরিষদ, রংপুর।

CamScanner